

জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়


গ্রন্থভবন, ৫/সি, শহিদ আবরার ফাহাদ এভিনিউ, ঢাকা-১০০০

পিএবিএক্স (অটো) : ২২৩৩৮৫৭৪৩, ২২৩৩৫০৫৮২; ফ্যাক্স : ২২৩৩৫২২১১


E-mail: office@jgk.gov.bd Web: www.jgk.gov.bd

বেসরকারি গ্রন্থাগারে অনুদানের সফটওয়্যারে লগইন সংক্রান্ত ব্যবহার নির্দেশিকা

প্রথম ধাপ: নিজ কম্পিউটারের গুগল ক্রোম অথবা যেকোনো একটি ওয়েব ব্রাউজিং সফটওয়্যারে প্রবেশ করে সার্চ অপশনে <https://moca.jgk-librarygrant.org/public> লিংকটি টাইপ করে কম্পিউটারের কীবোর্ডের **Enter** বাটনে প্রেস করতে হবে।



দ্বিতীয় ধাপ: কীবোর্ডের **Enter** বাটনে প্রেস করার পর কম্পিউটারের মনিটরে অনুদান সফটওয়্যারটির নিম্নোক্ত ইন্টারফেসটি প্রদর্শিত হবে।



হেল্প ডেস্ক ▾

তৃতীয় ধাপ: এরপর এই ইন্টারফেসের ‘অনুদানের আবেদন’ অপশনে ক্লিক করতে হবে।




‘অনুদানের আবেদন’ অপশনে ক্লিক করার পর কম্পিউটারের মনিটরে সফটওয়্যারটির নিম্নোক্ত ইন্টারফেসটি প্রদর্শিত হবে। এবার ‘আপনার ইউজার আইডি লিখুন’ অপশনে বেসরকারি গ্রন্থাগার নির্দেশিকা সফটওয়্যারের জন্য ইত:পূর্বে সংশ্লিষ্ট গ্রন্থাগারের অনুকূলে প্রদত্ত ইউজার আইডি এবং ‘আপনার পাসওয়ার্ড লিখুন’ অপশনে প্রদত্ত পাসওয়ার্ড প্রদানপূর্বক নিচে প্রদর্শিত ‘লগ ইন’ বাটনে ক্লিক করতে হবে।




বিঃদ্র: যদি আবেদনকারী গ্রন্থাগারের ইউজার আইডি এবং পাসওয়ার্ড না থাকে তাহলে **লগইন** পৃষ্ঠার নিচে **‘একটি নতুন অ্যাকাউন্ট তৈরি করুন’** অপশনে ক্লিক করতে হবে। উক্ত অপশনে ক্লিক করলে বেসরকারি গ্রন্থাগার নির্দেশিকা সফটওয়্যারে নিয়ে যাবে এবং **‘গ্রন্থাগার নিবন্ধন ফরম’** নামক একটি ফরম উন্মুক্ত হবে। এই ফরমে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদানপূর্বক ক্যাপচার যোগফল সংশ্লিষ্ট ঘরে বসিয়ে নিচে **‘জমা দিন’** অপশনে ক্লিক করতে হবে। ফরম জমা দেওয়ার ৩-৪ কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট গ্রন্থাগারের সভাপতি এবং সাধারণ সম্পাদকের মোবাইল নম্বরে এসএমএসের মাধ্যমে ইউজার আইডি এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। উক্ত ইউজার আইডি এবং পাসওয়ার্ড দিয়ে পরবর্তীতে যথানিয়মে অনুদানের জন্য আবেদন করতে হবে। এছাড়াও, অনুদান সফটওয়্যারের **‘সফটওয়্যারে নিবন্ধন করুন’** বাটন ক্লিক করেও **‘গ্রন্থাগার নিবন্ধন ফরম’**-এ গিয়ে নিবন্ধন করা যাবে।


চতুর্থ ধাপ: ‘লগ ইন’ বাটনে ক্লিক করার পর সফটওয়্যারটির নিম্নোক্ত ইন্টারফেসটি প্রদর্শিত হবে। এটি মূলত সংশ্লিষ্ট গ্রন্থাগারের নিজস্ব ড্যাশবোর্ড। এবার অনুদান আবেদনের জন্য এই ড্যাশবোর্ডের বাম পাশের ‘অনুদানের জন্য আবেদন’ অপশনে ক্লিক করতে হবে। ‘অনুদানের জন্য আবেদন’ অপশনে ক্লিক করলে স্ক্রিনে ‘আপনি কি অনুদানের জন্য আবেদন করতে চান’ নামক একটি পপআপ দেখাবে যার নিচে ‘হ্যাঁ’ এবং ‘না’ দুটি অপশন থাকবে। আবেদন করতে চাইলে ‘হ্যাঁ’ এবং না করতে চাইলে ‘না’ বাটনে ক্লিক করতে হবে।



পঞ্চম ধাপ: আবেদন করার জন্য ‘হ্যাঁ’ বাটনে ক্লিক করার পর স্ক্রিনে আবেদনের যোগ্যতা ও শর্তাবলি নামক নিম্নোক্ত ইন্টারফেসটি প্রদর্শিত হবে। এই ইন্টারফেসটি স্ক্রলিং করে নিচে ‘প্রয়োজনীয় কাগজপত্রসমূহ প্রস্তুত আছে’ নামক অপশনের বাম পাশে চেক বক্স টিক চিহ্ন দিয়ে ডান পাশে ‘আবেদন করুন’ নামক অপশনে ক্লিক করতে হবে।



ষষ্ঠ ধাপ: “আবেদন করুন” নামক অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট গ্রন্থাগারের নিজস্ব একটি ড্যাশবোর্ড প্রদর্শিত হবে। এখানে অনুদানের জন্য আবেদন করুন নামক অপশন পাওয়া যাবে। উক্ত অপশনে ক্লিক করলে অনলাইন আবেদন ফরমটি উন্মুক্ত হবে। এবার ফরম পূরণের নির্দেশিকা প্রতিপালনপূর্বক উক্ত ফরমটি পূরণ করে সকল প্রয়োজনীয় কাগজপত্র ও নির্দেশনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে হবে।

A screenshot of a grant application form. The top navigation bar shows the date and time as 12:13 pm 4 Dec 2025. On the left, there is a sidebar with a logo and a list of menu items: 'ড্যাশবোর্ড', 'অনুদানের জন্য আবেদন করুন', 'অনুদানের আবেদন সমূহ দেখুন', and 'Logout'. The main content area is titled 'গ্রন্থাগারে অনুদানের আবেদন ফরম' (Library Grant Application Form) and contains a form with the following sections: ১. গ্রন্থাগারের তথ্য (Library Information), ২. নিবন্ধন প্রদানকারী দপ্তর/অফিসের বিবরণ (Registration Information), and ৩. গ্রন্থাগারের কার্যক্রম পরিচালনার স্থান ও সময়সূচী (Library Operation Location and Schedule). A red arrow points to the 'Apply for Grant' button in the sidebar.

ধন্যবাদ